৪২. রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৩, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৬৬, হাশিয়া তাহতাবী আলাল মারাকী : পৃষ্ঠা-৪১১

৪৩. আয্ যিকর ওয়াদ দু'আ ওয়াস সলাত ওয়াস সালাম আলান নাবিয়্যি : পৃষ্ঠা-১৬৮, তাবয়ীনুল হাকায়েক : খণ্ড-১, পৃষ্ঠা-১২৪

সূচীপত্র

বিষয় পৃষ্ঠা

অ

অনুমতি ছাড়া অন্যের জিনিস ব্যবহার করা ৪৩৯
অযু করার নীতিমালা ৪৩৯
অযু করার হুকুম ৪৪০
অযু করে পানি শুকানো ৪৪০
অযুখানার মাচা বা খুঁটিতে টুপি রাখা ৪৪০
অযুখানায় বসে সাবান ব্যবহার করা ৪৪০
অযুখানায় গিয়ে ঘড়ি খোলা ৪৪০
অযুর জন্য বের হওয়া ৪৪১
অযু থাকা সত্ত্বেও অযু করা ৪৪৩
অন্য মসজিদে জুমা আদায়ের পর অবস্থান করা ৪৪৩
অসুস্থ বা রোগীর এতেকাফ ৪৪৩
অসুস্থ হয়ে পড়লে ৪৪৪

আ

আওয়াবীনের নামায ৪৪৪
আগুন নেভানোর জন্য মসজিদ থেকে বের হওয়া ৪৪৫
আফসোস ৪৪৫
আরশের ছায়ায় থাকবে মু'তাকিফ ৪৪৬
আসর জমিয়ে গল্প করা ৪৪৬

ই

ইচ্ছাকৃতভাবে রোযা ভেঙ্গে দিলে ৪৪৭
ইশরাকের নামায ৪৪৭
ইদ্দত পালনের সময় এতেকাফ করা ৪৪৮
ইস্তেসনা বা পৃথক করা বা বাদ দেওয়া ৪৪৮
ইহুদির এতেকাফ ৪৪৮

ঈ

ঈদগাহে এতেকাফ করা ৪৪৯

বিষয় পৃষ্ঠা

উ

উম্মুল মুমিনীনগণের এতেকাফের প্রতি আগ্রহ ৪৪৯

এ

এক দিনের এতেকাফের ফযীলত ৪৪৯
এক মাসের এতেকাফ ৪৫০
একুশ তারিখের রাতে এতেকাফে বসার হুকুম ৪৫১
এতেকাফ অবস্থায় মহিলার হায়েয আসলে ৪৫১
এতেকাফ এক গুরুত্বপূর্ণ ইবাদত ৪৫১
এতেকাফ করার খেয়াল কার অন্তরে উদয় হয় ৪৫২
এতেকাফ থেকে শিক্ষা গ্রহণ ৪৫২
এতেকাফ প্রত্যেক মসজিদেই হতে পারে ৪৫২
এতেকাফ ভঙ্গের কারণসমূহ ৪৫৩
এতেকাফ ভেঙ্গে গেলে কাযা করার বিধান ৪৫৬
এতেকাফ সম্পর্কে আল্লাহর হুকুম ৪৫৭
এতেকাফ সহীহ হওয়ার জন্য শর্ত ৪৫৮
এতেকাফ হলো রমযানের উদ্দেশ্যের পূর্ণতা বিধানের জন্য ৪৫৯
এতেকাফে চুপচাপ বসে থাকা ৪৫৯
এতেকাফে নিষিদ্ধ বিষয়াবলী ৪৫৯
এতেকাফে বসার আগে জানা আবশ্যক কোন এতেকাফ করবে ৪৬০
এতেকাফের অর্থ ৪৬০
এতেকাফের আদব ৪৬০
এতেকাফের উদ্দেশ্য ৪৬১
এতেকাফের কাযা কখন আবশ্যক হয় ৪৬২
এতেকাফের জন্য নির্দিষ্ট করে রোযা রাখা জরুরী নয় ৪৬৩
এতেকাফের জন্য পর্দার ব্যবস্থা করা ৪৬৩
এতেকাফের জন্য পুরুষ হওয়া শর্ত নয় ৪৬৩
এতেকাফের জন্য মসজিদ জরুরী ৪৬৩
এতেকাফের জন্য সর্বোত্তম স্থান ৪৬৪

বিষয়	পৃষ্ঠা
এতেকাফের রুকন	৪৬৫
এতেকাফের রূহ বা আত্মা	৪৬৫
এতেকাফের ফায়দা	৪৬৫
এতেকাফের ফিদিয়া দেওয়া	৪৬৬
এতেকাফের মাকরূহসমূহ	৪৬৭
এতেকাফের মুস্তাহাবসমূহ	৪৬৮
এতেকাফের শর্ত	৪৭০
এতেকাফের সওয়াব	৪৭০
এতেকাফের সিলসিলা	৪৭৩
এতেকাফের স্থান থেকে বের হওয়া	৪৭৩
এতেকাফের হাকীকত	৪৭৪
এতেকাফের হেকমত	৪৭৬
এতেকাফের স্থান	৪৭৮
ও	
ওযরের কারণে বের হলে এতেকাফ ভেঙ্গে যাবে	৪৭৯
ওযরের কারণে এতেকাফ না করা	৪৭৯
ওয়াজিব এতেকাফ	৪৭৯
ওয়াজিব এতেকাফের হুকুম	৪৮০
ওয়াজিব এতেকাফের জন্য রোযা শর্ত	৪৮১
ওয়াজিব গোসল ব্যতীত অন্য গোসলের হুকুম	৪৮১
ওষুধ আনার জন্য বাইরে যাওয়া	৪৮১
ক	
কবরস্থানে এতেকাফ করা	৪৮২
কবরস্থানের পাশের মসজিদে এতেকাফ করা	৪৮২
কবরের পাশে অবস্থান করা	৪৮২
কাজের জন্য বের হওয়া	৪৮২
কাদিয়ানীর এতেকাফের হুকুম	৪৮৩
কাপড় ধৌত করা	৪৮৩

বিষয় পৃষ্ঠা
কাপড় শুকানো ৪৮৪
কাপড় সেলাই করা ৪৮৪
কাযা ওয়াজিব না হওয়ার পদ্ধতি ৪৮৪
কাযা নামায পড়ার জন্য অযু করতে যাওয়া ৪৮৫
কুরআনে এতেকাফের উল্লেখ ৪৮৫
কোনো এক বছর এতেকাফ না করতে পারলে ৪৮৫

গ

গরম থেকে বাঁচার জন্য বাইরে যাওয়া ৪৮৬
গরমের কারণে গোসলের জন্য বের হওয়া ৪৮৬
গায়রুল্লাহর জন্য এতেকাফ করা ৪৮৬
গোসলের জন্য বের হওয়া ৪৮৭
গোসলের পর বাইরে দাঁড়িয়ে চুল শুকানো ৪৮৮

ঘ

ঘরের খোঁজ-খবর নেওয়া ৪৮৮

চ

চলার গতির পরিমাণ ৪৮৯
চাদর দ্বারা এতেকাফের স্থান বেষ্টন করার উপকারিতা ৪৮৯
চাদরের প্রতি গুরুত্বারোপ করার কারণ ৪৯০
চাশতের নামায ৪৯০
চুরি করা ৪৯১
চুপচাপ বসে থাকা ৪৯১
চুল কাটার জন্য মসজিদ থেকে বের হওয়া ৪৯২
চুল কাটানো ৪৯২
চুল পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ৪৯৩

জ

জানাযা উপস্থিত হলে ৪৯৪
জানাযা প্রস্তুত ছিল ৪৯৪
জানাযার জন্য নির্ধারিত স্থানের হুকুম ৪৯৪

বিষয়	পৃষ্ঠা
জানাযার নামাযের জন্য বের হওয়া	৪৯৪
জামাতের জন্য অন্য মসজিদে যাওয়া	৪৯৬
জুতা খোলার স্থানের হুকুম	৪৯৬
জুমার নামাযের জন্য অন্য মসজিদে যাওয়া	৪৯৬
জুমার গোসলের জন্য বের হওয়া	৪৯৮
ঝ	
ঝগড়া-বিবাদ করা	৪৯৮
ড	
ডাক্তারের নিকট যাওয়া	৪৯৮
ত	
তারাবীহ পড়ানোর জন্য যাওয়া	৪৯৯
তালাকপ্রাপ্তা স্ত্রীকে ফিরিয়ে আনা	৪৯৯
তাহিয়্যাতুল অযু নামায	৪৯৯
তাহিয়্যাতুল মসজিদ	৫০০
থ	
থুথু, নাক সাফ করা, হাত ধোয়া	৫০২
দ	
দশ দিনের কম এতেকাফ করা	৫০৩
দশ দিনের কম নিয়তে এতেকাফ করা	৫০৩
দুনিয়াবী কোনো কাজে লিপ্ত হওয়া	৫০৩
ন	
নফল এতেকাফ	৫০৪
নফল এতেকাফ ভেঙ্গে দিলে কাযা করা ওয়াজিব নয়	৫০৫
নদীতীরের মসজিদের হুকুম	৫০৫
নাপিত ব্যক্তি যদি এতেকাফে বসে	৫০৫
নাবালকের এতেকাফ করা	৫০৬
নিচে দোকানবিশিষ্ট মসজিদের হুকুম	৫০৬
নির্দিষ্ট বা বিশেষ ইবাদত	৫০৭

বিষয় পৃষ্ঠা

প

পতনোন্মুখ লোককে বাঁচানোর জন্য বের হওয়া ৫০৭
পর্দার ব্যবস্থা করা.....৫০৭
পাগলের এতেকাফ ৫০৮
পান খাওয়া..... ৫০৮
পানি আনতে যাওয়া..... ৫০৮
পানি গরম করা ৫০৮
পানি সংগ্রহ করতে দেরী হয়ে গেলে ৫০৯
পানি শেষ হয়ে গেলে.....৫০৯
পারিশ্রমিকের বিনিময়ে এতেকাফ করানো ৫০৯
পাঞ্জেগানায় এতেকাফ করা ৫১০
পুরো মাস এতেকাফ করা.....৫১০
প্রতি মুহূর্ত ইবাদতে গণ্য হয় ৫১০
প্রত্যেক মহল্লায় এতেকাফ করা সুন্নত.....৫১১
প্রথম দশদিন এতেকাফ করা ৫১১

ফ

ফরয গোসলের জন্য বের হওয়া.....৫১১
ফিদিয়ার পরিমাণ.....৫১২
ফেরেশতারা সঙ্গী হয়.....৫১৩

ব

বাইরে যাওয়া তিন প্রকার.....৫১৩
বাচ্চাদেরকে পড়ানো ৫১৪
বাথরুমে দেরী করা.....৫১৫
বাথরুমে যাওয়ার জন্য মসজিদ থেকে বের হওয়া ৫১৫
বাথরুমের সামনে অপেক্ষা করা ৫১৮
বায়ু ত্যাগের জন্য মসজিদ থেকে বের হওয়া ৫১৮
বিনিময় নিয়ে কিতাব লেখা ৫১৮
বিরান মসজিদে এতেকাফ করা.....৫১৯
বিশ তারিখের রাতের পর এতেকাফে বসা ৫১৯

বিষয় পৃষ্ঠা
বিশ দিনের এতেকাফ.....৫১৯
বিশেষ কিছু আমল.....৫১৯
বিড়ি-সিগারেট পান করা.....৫২০
বেতন আনার জন্য বাইরে যাওয়া.....৫২১
ব্যবসা সংক্রান্ত নির্দেশনা দেওয়া.....৫২১
ব্যবসার জন্য মালামাল ক্রয় করা.....৫২২
ব্যবসায়িক মালামাল মসজিদে বিক্রি করা.....৫২২

ভ

ভুলে দিনে পানাহার করলে.....৫২২

ম

মসজিদ.....৫২২
মসজিদ কয়েক তলা বিশিষ্ট হলে.....৫২৪
মসজিদ থেকে বাইরে আসা.....৫২৪
মসজিদ থেকে বের হওয়া.....৫২৬
মসজিদ শহীদ করে দেওয়া হলে এতেকাফ কোথায় করবে.....৫২৬
মসজিদ শহীদ হয়ে গেলে.....৫২৬
মসজিদে অন্তর্ভুক্ত জবরদখল অংশের হুকুম.....৫২৬
মসজিদে একসাথে জমায়েত হওয়া.....৫২৭
মসজিদে এতেকাফ সুন্নত হওয়ার কারণ.....৫২৭
মসজিদে পানাহার করা.....৫২৮
মসজিদে পায়চারি করা.....৫২৯
মসজিদে পাঁচ ওয়াক্ত নামায জামাতে হয় না.....৫২৯
মসজিদে বসার প্রতি উৎসাহ ও প্রেরণা দান.....৫২৯
মসজিদে হৈচৈ করা.....৫৩০
মসজিদের আঙ্গিনা.....৫৩০
মসজিদের চাদর ব্যবহার করা.....৫৩১
মসজিদের চার দেওয়ালের বিধান.....৫৩১
মসজিদের ছাদের হুকুম.....৫৩২
মহিলাদের জন্য এতেকাফের খাস কামরা.....৫৩২

বিষয়	পৃষ্ঠা
মহিলাদের জন্যও এতেকাফ করা সুন্নত	৫৩৩
মসজিদের দরজার হুকুম	৫৩৪
মসজিদের দেওয়ালের হুকুম	৫৩৪
মসজিদের পাশের কামরা বা ঘরের হুকুম	৫৩৪
মসজিদের বাইরে মু'তাকিফের সঙ্গে কথা বলা	৫৩৫
মসজিদের বারান্দার বিধান	৫৩৫
মসজিদের বিদ্যুৎ ব্যবহার করা	৫৩৬
মসজিদের ভেতরে পায়চারি করা	৫৩৬
মসজিদের মিনারার হুকুম	৫৩৬
মসজিদের সিঁড়ির বিধান	৫৩৬
মসজিদের সীমানা	৫৩৭
মসজিদের সীমার বাইরের জায়গা	৫৩৭
মহল্লার মসজিদে এতেকাফ করা	৫৩৭
মহিলা এতেকাফ করতে পারবে	৫৩৮
মহিলার এতেকাফের জন্য স্বামীর অনুমতি প্রয়োজন	৫৩৮
মহিলাদের এতেকাফের স্থান	৫৩৯
মহিলাদের মসজিদে এতেকাফ করা	৫৪০
মাজন ব্যবহার করা	৫৪০
মাজারে এতেকাফ করা	৫৪১
মানতের এতেকাফ আদায় করার আগেই মৃত্যু হলে	৫৪১
মানতের এতেকাফের পদ্ধতি	৫৪১
মানতের এতেকাফের তফসিল	৫৪২
মানতের এতেকাফের কাযা	৫৪৪
মানতের রোযা ফাসেদ হয়ে গেলে	৫৪৫
মামলার তারিখে মসজিদ থেকে বের হওয়া	৫৪৫
মু'তাকিফ আযান দেওয়ার জন্য বাইরে যাওয়া	৫৪৫
মু'তাকিফ ইস্তেনজার জন্য বের হলে গোসল করতে পারবে কি?	৫৪৬
মু'তাকিফ ডাক্তার রোগী দেখে ব্যবস্থাপত্র লিখে দেওয়া	৫৪৭
মু'তাকিফ প্রয়োজনীয় কথাবার্তা বলতে পারবে	৫৪৭
মু'তাকিফ বিনিময় নিয়ে কোনো কাজ করা	৫৪৮

বিষয় পৃষ্ঠা

মু'তাকিফ বেহুঁশ বা পাগল হয়ে গেলে ৫৪৯
মু'তাকিফ স্বামীর নিকট স্ত্রী আসতে পারবে.....৫৪৯
মু'তাকিফ স্থানান্তর হওয়া ৫৫০
মু'তাকিফকে কেউ রাস্তায় আটকে দিলে..... ৫৫০
মু'তাকিফকে মসজিদ থেকে বের করে দেওয়া হলে..... ৫৫০
মু'তাকিফের জন্য অনুমতি আছে ৫৫১
মু'তাকিফের জন্য উত্তম বিষয়গুলোর একটি সংক্ষিপ্ত তালিকা..... ৫৫৩
মু'তাকিফের জন্য একটি মূলনীতি ৫৫৩
মু'তাকিফের জন্য যেসব কাজ করা বৈধ ৫৫৩
মু'তাকিফের জন্য মসজিদের সীমানা জানা আবশ্যক ৫৫৫
মু'তাকিফের জন্য সংক্ষিপ্ত আমলসূচি..... ৫৫৬
মু'তাকিফের জন্য হারাম ৫৫৮
মু'তাকিফের নিকট মহিলাদের আসা-যাওয়া..... ৫৫৯
মু'তাকিফের মূল উদ্দেশ্য ৫৫৯
মু'তাকিফের সংবাদপত্র পড়া..... ৫৬০
মু'তাকিফের স্বপ্নদোষ হলে..... ৫৬০
মু'তাকিফের উদাহরণ.....৫৬২
মু'তাকিফের সাথে ইফতার করা.....৫৬২
মুস্তাহাব এতেকাফ ৫৬৩
মুস্তাহাব গোসল ৫৬৩
মুস্তাহাযা মহিলার এতেকাফ.....৫৬৪
মুযাজ্জিনের কামরা.....৫৬৪
মেজাজ বদলে গেছে.....৫৬৪
মেহরাবের হুকুম..... ৫৬৫
মোচ কাটা ৫৬৬
মৃত ব্যক্তিকে গোসল দেওয়ার জন্য বের হওয়া ৫৬৬

য

যেসব কারণে এতেকাফ ভেঙ্গে দেওয়া জায়েয ৫৬৬
যেসব জায়গায় যাওয়া জায়েয নেই ৫৬৭
যিকির করার জন্য অযু করতে যাওয়া ৫৬৮

বিষয় পৃষ্ঠা
যৌন প্রেরণা উদ্দীপক কার্যাবলীতে লিপ্ত হওয়া ৫৬৮

র

রাতের এতেকাফের মানত করা ৫৬৯
রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রথম এতেকাফ.....৫৬৯
রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এতেকাফ ৫৭০
রাসূল সা.-এর সম্মানিত স্ত্রীগণের এতেকাফ ৫৭১
রুমাল রেখে জায়গা দখলে রাখা ৫৭১
রোগী দেখতে যাওয়া.....৫৭১
রোগীর শুশ্রূষা ও ভালোমন্দ খোঁজখবর নেওয়া.....৫৭২
রোযা এবং এতেকাফের মধ্যে পার্থক্য ৫৭৩
রোযা রাখার ক্ষমতা নেই; সুন্নত এতেকাফ হবে কি? ৫৭৪

শ

শরয়ী মসজিদ ৫৭৪
শরীর দুর্গন্ধযুক্ত ব্যক্তির এতেকাফ.....৫৭৪
শরীর নাপাক হয়ে গেলে ৫৭৫
শীতলতার জন্য গোসল করা.....৫৭৫
শীয়াদের এতেকাফ করা ৫৭৬
শেষ দশকে এতেকাফ করা ৫৭৬
শেষ দশকে নবী সা. সর্বদা এতেকাফ করতেন.....৫৭৭
শেষ দশকের এতেকাফ ফাসেদ হয়ে গেলে ৫৭৭
শেষ বয়সে অধিক পরিমাণে ইবাদত করা চাই..... ৫৭৮

স

সংজ্ঞাহীন বা অচেতন হয়ে গেলে এতেকাফের হুকুম ৫৭৮
সালাতুত তাসবীহ..... ৫৭৮
সালাতুল হাজত.....৫৮২
সাক্ষ্য দেওয়ার জন্য বাইরে যাওয়া ৫৮৪
সম্মিলিত এতেকাফ.....৫৮৪
সম্মিলিত এতেকাফের প্রমাণ..... ৫৮৫

বিষয় পৃষ্ঠা

সিজদায়ে তেলাওয়াত আদায়ের জন্য অযু করতে যাওয়া..... ৫৮৬
সুন্নত এতেকাফ..... ৫৮৬
সুন্নত এতেকাফ কখন থেকে কখন পর্যন্ত..... ৫৮৭
সুন্নত এতেকাফ কাযা করার নিয়ম..... ৫৮৮
সুন্নত এতেকাফ ভেঙ্গে গেলে..... ৫৮৯
সুন্নত এতেকাফের কাযা..... ৫৮৯
সুন্নত এতেকাফের জন্য রোযা শর্ত..... ৫৮৯
সুন্নত এতেকাফের জিম্মাদারী..... ৫৯০
সুন্নত এতেকাফের নিয়ত..... ৫৯০
সুন্নতে মুআক্কাদার সংজ্ঞা..... ৫৯০
সূর্য ঢলার সময়ের হুকুম..... ৫৯১
স্ত্রী, মু'তাকিফ স্বামীর খেদমত করা..... ৫৯১
স্ত্রী স্বামীর অনুমতি নিয়ে এতেকাফ করবে..... ৫৯১
স্ত্রীকে তালাক দেওয়া..... ৫৯২
স্ত্রীর দ্বারা কোনো কাজ করানো..... ৫৯৩
স্ত্রীর সঙ্গে সাক্ষাৎ..... ৫৯৩
স্ত্রী সহবাস করলে..... ৫৯৩
স্থান পরিবর্তন করা..... ৫৯৪
স্বাধীন হওয়া..... ৫৯৪

হ

হলরুমে এতেকাফ করা..... ৫৯৪
হাউযের হুকুম..... ৫৯৪
হাজতে শারইয়্যা..... ৫৯৫
হাজতে জরুরিয়্যা..... ৫৯৭
হাজতে তবইয়্যা..... ৫৯৮
হাত ধোয়ার জন্য বের হওয়া..... ৫৯৯
হায়েয এসে গেলে..... ৬০০
হিজড়া ব্যক্তির এতেকাফ..... ৬০০

বিসমিল্লাহির রাহমানির রাহীম

অ

❒ অনুমতি ছাড়া অন্যের জিনিস ব্যবহার করা

মু'তাকিফের জন্য মালিকের অনুমতি ছাড়া কোনো জিনিস নেওয়া, খাওয়া বা পান করা জায়েয নেই।[৩]

বিনা অনুমতিতে কারো জিনিস নেওয়া বা পানাহার করা অনেক বড় গুনাহ। এ থেকে বেঁচে থাকা জরুরী। যদি নিতেই হয়, তাহলে অনুমতি নিয়ে নেবে। অবশ্য এতে এতেকাফ ফাসেদ হবে না।[৪]

❒ অযু করার নীতিমালা

যে সব ইবাদতের জন্য অযু করা জরুরী, এর জন্য মসজিদের বাইরে অযুখানায় গিয়ে অযু করতে পারবে। যেমন– ফরয, ওয়াজিব, সুন্নত ও নফল নামাযের অযুর জন্য, এমনিভাবে কুরআন তেলাওয়াতের জন্যও মু'তাকিফ মসজিদের বাইরে অযুখানায় গিয়ে অযু করতে পারবে। অযু থাকা সত্ত্বেও অযু করা মুস্তাহাব। জরুরী নয়, এ জন্য অযু থাকার পরও মসজিদের বাইরে অযুখানায় গিয়ে অযু করলে এতেকাফ ফাসেদ হয়ে যাবে।

হযরত আয়েশা রাযি. বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এতেকাফের হালতে পেশাব-পায়খানা ছাড়া অন্য কোনো কাজে ঘরে তাশরীফ আনতেন না।

আবূ দাউদ শরীফের রেওয়ায়েতে আছে– নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এতেকাফের অবস্থায় শুধু মানবীয় প্রয়োজন পেশাব-পায়খানা ছাড়া ঘরে তাশরীফ নিতেন না।[৫]

---

৩. কানযুল উম্মাল : খণ্ড-১, পৃষ্ঠা-৯২, হাদীস : ৩৯৭, দারাকুতনী : খণ্ড-৩, পৃষ্ঠা-২৬, হাদীস : ৯২, মুসনাদে আহমদ : খণ্ড-৫, পৃষ্ঠা-৮৮, হাদীস : ২০৭২২, আল মাবসূত-সারাখসী : খণ্ড-১১, পৃষ্ঠা-৫৩

৪. ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১৩, ফাতাওয়া খানিয়া আলা হামিশিল হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২২৫, ফাতাওয়া তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-৩১৪, খোলাসাতুল ফাতাওয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২৬৯

৫. বুখারী শরীফ : খণ্ড-১, পৃষ্ঠা-২৭২, সহীহ ইবনে খুজাইমা : খণ্ড-৩, পৃষ্ঠা-২৪৮, হাদীস-২২৩০

❒ অযু করার হুকুম

ফরয, ওয়াজিব, সুন্নত, নফল, কুরআন তেলাওয়াত, সিজদায়ে তেলাওয়াত, কাযা নামায আদায়ের জন্য যখন ইচ্ছা মু'তাকিফের অযুর উদ্দেশ্যে মসজিদের বাইরে যাওয়া জায়েয। কেননা, এ সব ইবাদতের জন্য অযু করা অপরিহার্য শর্ত।

অবশ্য যে সব ক্ষেত্রে অযু শর্ত নয়, বরং মুস্তাহাব, যেমন– অযু থাকাবস্থায় অযু করা কিংবা আল্লাহর যিকিরের উদ্দেশ্যে অযু করার জন্য মসজিদের বাইরে যাবে না। আর বাইরে যাওয়া দ্বারা মসজিদের অযুখানা উদ্দেশ্য।[৬]

❒ অযু করে পানি শুকানো

অযু করার পর অযুখানায় দাঁড়িয়ে রুমাল দ্বারা অযুর পানি শুকালে এতেকাফ ফাসেদ হয়ে যাবে।[৭]

❒ অযুখানার মাচা বা খুঁটিতে টুপি রাখা

অযুখানায় গিয়ে অযু করার আগেই টুপি বা রুমাল অযুখানার মাচায় বা খুঁটিতে রাখলে এতেকাফ ফাসেদ হবে না।[৮]

❒ অযুখানায় বসে সাবান ব্যবহার করা

অযুখানায় বসে সাবান দ্বারা হাত-মুখ ধুইলে এতেকাফ ফাসেদ হয়ে যাবে।[৯]

❒ অযুখানায় গিয়ে ঘড়ি খোলা

অযু করার আগে অযুখানায় হাতঘড়ি খুলে পকেটে রেখে অযু করলে অথবা অযুখানায় উঠে হাতঘড়ি খুলে পকেটে রাখলে এতেকাফ ফাসেদ হবে না।[১০]

---

৬. ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১১৪, আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০১-৩০২

৭. আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০১, আহসানুল ফাতাওয়া : খণ্ড-৪, পৃষ্ঠা-৫১৭-৫১৮, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২, আদ্ দুররুল মুখতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৫

৮. আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০১, আল মাবসূত-সারাখসী : খণ্ড-৩, পৃষ্ঠা-১৩০, আহসানুল ফাতাওয়া : খণ্ড-৪, পৃষ্ঠা-৫১৭-৫১৮

৯. মারাকিল ফালাহ : পৃষ্ঠা-১৭৯, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২, আদ্ দুররুল মুখতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৭

১০. আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০১, হেদায়া : খণ্ড-১, পৃষ্ঠা-২৪৭, আল মাবসূত-সারাখসী : খণ্ড-৩, পৃষ্ঠা-১৩০

❒ অযুর জন্য বের হওয়া

১. মু'তাকিফের জন্য যদি মসজিদের ভেতরে অযু করার এমন কোনো জায়গার ব্যবস্থা থাকে, যাতে অযু করার সময় পানি মসজিদের বাইরে গিয়ে পড়ে। যেমন– মু'তাকিফ মসজিদের সীমার ভেতরে বসবে, আর পানি মসজিদের বাইরে গিয়ে পড়বে অথবা নদীতে পড়বে। অথবা এমন বড় কোনো টব বা পাত্রের ব্যবস্থা থাকে, যাতে অযুর পানি পড়বে। আর অযু করার পর পানি বাইরে ফেলে দেওয়া যাবে। এমতাবস্থায় মু'তাকিফ অযুর জন্য মসজিদের বাইরে যাওয়া জায়েয নেই। এমন ব্যবস্থা না থাকলে মসজিদের বাইরে গিয়ে অযু করা জায়েয আছে। চাই ফরয নামাযের জন্য হোক অথবা নফল বা তেলাওয়াতের জন্য হোক, সবগুলোর একই হুকুম।

২. যদি মসজিদের সাথে মিলিত কোনো নালা থাকে অথবা মসজিদের বাইরে গিয়ে পানি পড়ার ব্যবস্থা থাকে, যেমন– মসজিদের সীমার ভেতরে বেসিন লাগানো আছে। পানি পাইপের মাধ্যমে মসজিদের বাইরে গিয়ে পড়ে, তাহলে এমনভাবে অযু করবে, যাতে মসজিদে পানি না পড়ে। বরং পাইপের মাধ্যমে মসজিদের বাইরে গিয়ে পড়ে, এমন হলে জায়েয আছে। স্মরণ রাখতে হবে, মসজিদে পানি ফেলানো জায়েয নেই।[১১]

মু'তাকিফ নয় এমন ব্যক্তির জন্য কোনো অবস্থাতেই মসজিদের ভেতর অযু করার অনুমতি নেই।[১২]

৩. ফরয নামায ব্যতীত সুন্নত এবং নফল, যেমন– ইশরাক, চাশত, আওয়াবীন, তাহাজ্জুদ ইত্যাদির জন্য অযুখানায় গিয়ে অযু করতে পারবে। কেননা, নামাযের জন্য অযু করা শরয়ী প্রয়োজনের অন্তর্ভুক্ত।[১৩]

৪. মসজিদে পানি নেই। হয়তো পানির ব্যবস্থা নেই অথবা পানি শেষ হয়ে গেছে। অপর দিকে অযু করার প্রয়োজন। পানি এনে দেওয়ারও কেউ

---

১১. আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০৩, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১৩, ফাতাওয়া খানিয়া আলা হামিশিল হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২২৩, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১১৬

১২. আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০৩, হাশিয়া তাহতাবী আলাল মারাকী : পৃষ্ঠা-৩৮৪, মীর মুহাম্মদ কুতুবখানা, করাচি। পৃষ্ঠা-৫৮০, মাকতাবা আনসারিয়া হেরাত, আফগানিস্তান। রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৯

১৩. ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১১৪, আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০১

নেই। মসজিদের নিকটবর্তী কোনো স্থানে পানির ব্যবস্থা নেই। তাহলে মু'তাকিফ নিজের ঘরে গিয়ে অযু করতে পারবে।[১৪]

৫. কুরআন মাজীদের তেলাওয়াতের জন্য অযু করতে যেতে পারবে। কেননা, কুরআন মাজীদের তেলাওয়াতের জন্য কুরআন মাজীদকে ধরতে হবে। আর অযু ছাড়া কুরআন মাজীদ ধরা জায়েয নেই।

৬. কাযা নামায পড়বে, অযু নেই। অযু করার জন্য মসজিদের বাইরে যাওয়া জায়েয।

৭. যিকির-আযকার, তাসবীহ পড়ার জন্য অযুখানায় গিয়ে অযু করা দুরস্ত নেই।

৮. তেলাওয়াতে সিজদা আদায় করা হয় নাই। অযু নেই। অযুখানায় গিয়ে অযু করতে পারবে।

৯. অযু থাকার পরও অযুখানায় গিয়ে অযু করা দুরস্ত নেই। অযু করতে গেলে এতেকাফ ফাসেদ হয়ে যাবে।

১০. ফরয নামায পড়ে ফেলেছে। এখনো সুন্নত ও নফল পড়া হয়নি অযু ভেঙ্গে গেছে। তাহলে অবশিষ্ট সুন্নত ও নফল পড়ার জন্য অযুখানায় গিয়ে অযু করা দুরস্ত আছে। এতে এতেকাফ ভাঙ্গবে না। বরং আপন অবস্থায়ই বহাল থাকবে।

১১. মসজিদে অযুর পানি শেষ হয়ে গেলে যেখান থেকে খুব দ্রুত পানি আনা যায়, সেখানে গিয়ে পানি আনতে পারবে। এ উদ্দেশ্যে ঘরে যেতে হলেও যেতে পারবে। চাইলে বাড়িতেই অযু করে আসতে পারবে। অথবা পানি এনে মসজিদে এসে অযু করতে পারবে।[১৫]

১২. যেসব ক্ষেত্রে মু'তাকিফের জন্য অযুর উদ্দেশ্যে মসজিদের বাইরে যাওয়া জায়েয, সেসব ক্ষেত্রে অযুর সাথে মিসওয়াক, মাজন পেস্ট দ্বারা দাঁত মাজা, সাবান লাগানো জায়েয। তোয়ালে, রুমাল, গামছা ইত্যাদি দিয়ে অযুর পানি মোছা জায়েয। কিন্তু অযু করার পর এক মুহূর্তের জন্যও বাইরে অবস্থান করা জায়েয নেই।[১৬]

---

১৪. আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০১, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২, আদ্ দুররুল মুখতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৫, ফাতাওয়া তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-৩১২

১৫. আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০৩, রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৮-৪৪৯

১৬. বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১১৪, রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৫, হাশিয়া তাহতাবী আলাল মারাকী : পৃষ্ঠা-৩৮৩, মীর মুহাম্মদ কুতুবখানা, করাচি। পৃষ্ঠা-৫৭৯, মাকতাবা আনসারিয়া হেরাত, আফগানিস্তান।

১৩. মসজিদের হাউয, নল বা ট্যাপ মসজিদের বাইরে হয়ে থাকে। মু'তাকিফের জন্য অযু ছাড়া, যেমন– হাত, পা ধোয়া, কুলি করা ইত্যাদির জন্য সেখানে যাওয়া দুরস্ত নেই। গেলে এতেকাফ ফাসেদ হয়ে যাবে।[১৭]

১৪. কুরআন তেলাওয়াত করছিল, অযু ভেঙ্গে গেল, যেমন– বায়ু বের হয়ে গেল। আরো তেলাওয়াত করার ইচ্ছা আছে। অযু করার জন্য যেতে পারবে।[১৮]

❒ অযু থাকা সত্ত্বেও অযু করা

অযু থাকা সত্ত্বেও মসজিদ থেকে বেরিয়ে অযু করলে এতেকাফ ফাসেদ হয়ে যাবে।[১৯]

মু'তাকিফ পেশাব-পায়খানার জন্য বের হলে, ফেরার পথে অযু করে আসা দুরস্ত আছে।[২০]

❒ অন্য মসজিদে জুমা আদায়ের পর অবস্থান করা

মু'তাকিফের মসজিদে জুমার নামায হয় না, এ জন্য মু'তাকিফ জামে মসজিদে জুমার নামায আদায় করতে গিয়ে সেখানে যদি এক দিন-রাত বা তার কম-বেশি সময় অবস্থান করে অথবা অবশিষ্ট এতেকাফ সেখানে পুরা করতে থাকে, তবে তা জায়েয আছে। এতে এতেকাফ ভাঙ্গবে না। কিন্তু এরূপ করা মাকরূহ। এ জন্য ফিরে আসাই উত্তম।[২১]

❒ অসুস্থ বা রোগীর এতেকাফ

অসুস্থ মু'তাকিফের জন্য ওষুধ আনার উদ্দেশ্যে মসজিদ থেকে বাইরে বের হওয়ার অনুমতি নেই। ওষুধ আনার জন্য যদি মসজিদের বাইরে যায়,

---

১৭. আল ফিকহুল ইসলামী ওয়া আদিল্লাতুহু : খণ্ড-২, পৃষ্ঠা-৬২৮, মারাকিল ফালাহ : পৃষ্ঠা-১৭৯, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২, আদ্ দুররুল মুখতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৭

১৮. আল ফিকহুল ইসলামী ওয়া আদিল্লাতুহু : খণ্ড-২, পৃষ্ঠা-৬২৮, মারাকিল ফালাহ : পৃষ্ঠা-১৭৯, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২, আদ্ দুররুল মুখতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৭

১৯. মারাকিল ফালাহ : পৃষ্ঠা-১৭৯, সূরা মুহাম্মদ-আয়াত : ৩৩, হাশিয়া তাহতাবী আলাল মারাকী : পৃষ্ঠা-৩৮৩-৩৮৪, নূর মুহাম্মদ কুতুবখানা, করাচি। পৃষ্ঠা-৫৭৯, মাকাতাবা আনসারিয়া হেরাত, আফগানিস্তান। আদ্ দুর মা'আর রদ : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৭

২০. ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২, ফাতাওয়া তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-৩১২, আল মাবসূত-সারাখসী : খণ্ড-৩, পৃষ্ঠা-১৩০

২১. আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০১-৩০২, আল জাওহারাতুন নাইয়ারা : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৬-১৭৭, আল মাবসূত-সারাখসী : খণ্ড-৩, পৃষ্ঠা-১৩০-১৩১, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১১৪, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২

এতেকাফ ফাসেদ হয়ে যাবে। ওষুধ আনাকে খানা আনার সাথে তুলনা করা যাবে না।[২২]

❒ অসুস্থ হয়ে পড়লে

১. এতেকাফ অবস্থায় যদি মু'তাকিফ অসুস্থ হয়ে পড়ে, ওষুধ এনে দেওয়ার কেউ না থাকে অথবা ডাক্তারের নিকট যাওয়া জরুরী, তাহলে ওষুধ আনা বা ডাক্তারের নিকট যাওয়ার জন্য মসজিদ থেকে বের হলে এতেকাফ ফাসেদ হয়ে যাবে। আর এক দিন এক রাতের কাযা রোযাসহ আদায় করতে হবে। অবশ্য কঠিন অপারগতায় মসজিদ থেকে বের হওয়ার কারণে গুনাহগার হবে না।[২৩]

২. মু'তাকিফ নিজেই যদি অসুস্থ হয়ে পড়ে এবং মসজিদে অবস্থান করা মুশকিল হয়ে যায়, তাহলে মু'তাকিফ নিজ বাড়িতে যেতে পারবে। তার চলে যাওয়ায় এতেকাফ তো ভেঙ্গে যাবে, তবে গুনাহ হবে না। কিন্তু পরবর্তীতে এক রাত এক দিনের কাযা রোযাসহ আদায় করতে হবে।[২৪]

আ

❒ আওয়াবীনের নামায

১. সাধারণত মাগরিবের নামাযের পর যে নফলগুলো পড়া হয় তাকেই আওয়াবীনের নামায বলা হয়। এই নামায সর্বনিম্ন ছয় রাকাত এবং সর্বোচ্চ বিশ রাকাত। আর উত্তম হলো মাগরিবের দুই রাকাত সুন্নতে মুআক্কাদা ছাড়া আরো ছয় রাকাত পড়ে নেওয়া। অবশ্য সময়ের সংকীর্ণতা থাকলে মাগরিবের দুই রাকাত সুন্নতে মুআক্কাদাসহ ছয় সংখ্যা পূরণের দ্বারাও ইনশাআল্লাহ উক্ত নামাযের ফযীলত অর্জিত হয়ে যাবে।[২৫]

---

২২. আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০২-৩০৩, রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৭, ফাতাওয়া তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-৩১২, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২

২৩. আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০২-৩০৩, রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৭, ফাতাওয়া হিন্দিয়া :খণ্ড-১, পৃষ্ঠা-২১২

২৪. প্রাগুক্ত

২৫. তাবয়ীনুল হাকায়েক : খণ্ড-১, পৃষ্ঠা-৪৩০, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১১২, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-১, পৃষ্ঠা-৬৩৮, ১, পৃষ্ঠা-২৮৫, আদ্ দুর মা'আর রদ : খণ্ড-২, পৃষ্ঠা-১৩, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-১৪

২. হাদীস শরীফে এ নামাযের অনেক ফযীলত বর্ণিত হয়েছে। হযরত আবূ হুরায়রা রাযি. থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, "যে ব্যক্তি মাগরিবের পর ছয় রাকাত নামায এমনভাবে পড়বে যে, যার মধ্যে সে কোনো মন্দ বাক্য উচ্চারণ করবে না। সে নামায তার জন্য বারো বছরের ইবাদতের সমান করে দেওয়া হবে।"[২৬]

হযরত আয়েশা রাযি. থেকে বর্ণিত, "যে ব্যক্তি মাগরিবের পর বিশ রাকাত পড়বে, আল্লাহ তায়ালা তার জন্য জান্নাতে একটি ঘর বানিয়ে দেবেন।"[২৭]

উলামায়ে কেরাম ও বুযুর্গানে দীন এ নামাযের প্রতি বিশেষ গুরুত্ব দিতেন। আমাদেরও এ নামাযের প্রতি বিশেষ গুরুত্ব দেওয়ার চেষ্টা করা উচিত। আল্লাহ তায়ালা আমাদের সকলকে এ নামায পড়ার তাওফীক দান করুন। আমীন।

৩. আওয়াবীনের নামায মুস্তাহাব।[২৮]

❒ আগুন নেভানোর জন্য মসজিদ থেকে বের হওয়া

মু'তাকিফ (এতেকাফকারী) আগুন নেভানোর জন্য মসজিদ থেকে বের হলে এতেকাফ ফাসেদ হয়ে যাবে।[২৯]

❒ আফসোস

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনা মুনাওয়ারায় হিজরত করে তাশরীফ নেওয়ার পর সর্বদা ধারাবাহিকভাবে পাবন্দীর সাথে রমযানুল মুবারকে এতেকাফ করতেন। ইন্তেকাল অবধি পাবন্দীর সাথেই করতে থাকেন। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ইন্তেকালের পর তাঁর পবিত্র স্ত্রীগণ একে জিন্দা রেখেছেন এবং সাহাবায়ে কেরাম এর উপর আমল করতে থাকেন। কিন্তু বর্তমান উম্মতের সংখ্যাগরিষ্ঠ লোক এই সুন্নতকে ছেড়ে

---

২৬. জামে তিরমিযী : খণ্ড-১, পৃষ্ঠা-৯৮, ইবনে মাজাহ : পৃষ্ঠা-৮১

২৭. জামে তিরমিযী : খণ্ড-১, পৃষ্ঠা-৯৮, ইবনে মাজাহ : পৃষ্ঠা-৯৮

২৮. আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৫০, কাদায়েউস্ সানায়ে' : খণ্ড-১, পৃষ্ঠা-২৮৫

২৯. রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৭, ফাতহুল কাদীর : খণ্ড-২, পৃষ্ঠা-৪০১, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২, তাবয়ীনুল হাকায়েক শারহে কানযুদ্দাকায়েক-যায়লায়ী : খণ্ড-২, পৃষ্ঠা-২২৮, আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০৩, হাশিয়া তাহতাবী আলাল মারাকী : পৃষ্ঠা-৩৮৩, মীর মুহাম্মদ কুতুবখানা, করাচি। পৃষ্ঠা-৫৭৯, মাকতাবা আনসারিয়া হেরাত, আফগানিস্তান।

দিয়েছে এবং একে একটি সাধারণ বিষয় মনে করছে। বুড়ো, রিটায়ার্ড, অবসরপ্রাপ্ত এবং বেকার লোকদের কাজ মনে করছে।

শ্রেষ্ঠ মুহাদ্দিস ইবনে শিহাব যুহরী রহ. অত্যন্ত আশ্চর্যবোধ করে বলেন যে, যা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো বর্জন করেননি, মানুষ আজ তা ছেড়ে দিচ্ছে। এর প্রতি ভ্রুক্ষেপই করছে না।[৩০]

❒ আরশের ছায়ায় থাকবে মু'তাকিফ

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কিয়ামত দিবসে প্রচণ্ড গরম ও ভয়ংকর অবস্থায় সাত ব্যক্তি আল্লাহ তায়ালার আরশের ছায়ায় স্থান পাবে। তাদের মধ্যে এক ব্যক্তি হলো, যার অন্তর মসজিদে আবদ্ধ থাকে।[৩১]

অর্থাৎ, সে ঘরের কাজ কামে লেগে থাকে, অফিসে যায়, কল-কারখানায় যায় অথবা দুনিয়ার অন্যান্য কাজে লিপ্ত থাকে। তখন সে পেরেশান থাকে। কাজ থেকে অবসর হলেই সে মসজিদে চলে যায়, সেখানে গিয়ে সে প্রশান্তি লাভ করে। কিয়ামত দিবসে এমন লোকেরা আরশের ছায়ার নিচে স্থান পাবে। আর যে ব্যক্তি এতেকাফের নিয়তে মসজিদে বসে যাবে, সে তো আরো আগেই আরশের ছায়ায় স্থান পাবে। এ জন্য এতেকাফে বসার পরিপূর্ণ চেষ্টা করা চাই।

❒ আসর জমিয়ে গল্প করা

১. আসর জমিয়ে গল্প করার মধ্যে সাধারণত বেহুদা, অনর্থক কথাবার্তা ও গল্পগুজব হয়ে থাকে, এমনকি গীবত ও চোগলখুরীর কারণ হয়ে দাঁড়ায়। আর এটাই মাশগালা হয়ে যায়। এ থেকে বেঁচে থাকা আবশ্যক।[৩২]

২. কোনো-কোনো মু'তাকিফ বৈঠকি ও মজলিসি হয়ে থাকে। গালগল্প ও বেহুদা কথাবার্তায় মজলিস গরমে অভ্যস্ত। তারাবীহ থেকে অবসর হয়ে দোস্ত আহবাব, বন্ধু-বান্ধব নিয়ে গল্পের আসর বসায়। নিষ্প্রয়োজন ও অনর্থক কথাবার্তায় মজলিস সরগরম করে তোলে। বরং অনেক সময় তো গীবত আর শেকায়েতেই লিপ্ত হয়ে যায়। তদ্রূপ হাসি মজাক আর

---

৩০. উমদাতুল কারী : খণ্ড-১১, পৃষ্ঠা-১৪০

৩১. বুখারী শরীফ

৩২. আল ফিকহুল ইসলামী ওয়া আদিল্লাতুহু : খণ্ড-২, পৃষ্ঠা-৬৩০, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২-২১৩, সূরা আল ইসরা-আয়াত : ৫৩, আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০৪

দুনিয়াবী খবরাখবর নিয়েই ব্যস্ত থেকে এই মহামূল্যবান সময়কে নষ্ট করে দেয়। মু'তাকিফদের জন্য এ থেকে বেঁচে থাকা অত্যন্ত জরুরী।[৩৩]

৩. বিনা প্রয়োজনে মু'তাকিফ বৈধ কথাবার্তা বলার জন্য আসর জমানো নাজায়েয। এমন বিষয় থেকে বিরত থাকা অতীব জরুরী। এতে নিজের মূল্যবান সময় নষ্ট হয় এবং অন্যান্য ইবাদতকারীদের ইবাদতে বিঘ্ন সৃষ্টি করা হয়। এতে নিজের আমলনামার একাউন্টে সওয়াব তো জমা হয়ই না; বরং উল্টা গুনাহই জমা হতে থাকে। এটা হলো ইন্টারন্যাশনাল নির্বুদ্ধিতা।

ই

❐ ইচ্ছাকৃতভাবে রোযা ভেঙ্গে দিলে

১. মু'তাকিফ দিনের বেলায় ইচ্ছাকৃতভাবে রোযা ভেঙ্গে দিলে, রোযা ফাসেদ হওয়ার সাথে সাথে এতেকাফও ফাসেদ হয়ে যাবে।

২. রোযা অবস্থায় ভুলে কিছু পানাহার করলে যেহেতু রোযা ভাঙ্গে না, তাই এতেকাফও ভাঙ্গবে না।[৩৪]

❐ ইশরাকের নামায

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মানুষের শরীরে মধ্যে তিনশত ষাটটি জোড়া বা গ্রন্থি রয়েছে, মানুষের উচিত প্রত্যেকটি জোড়ার জন্য এক একটি সদকা করা। সাহাবীগণ বললেন, হে আল্লাহর নবী! এরূপ সদকা করার সামর্থ্য কার আছে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, মসজিদে পড়ে থাকা থুথু মাটি দিয়ে ঢেকে দেওয়া সদকা সমতুল্য এবং রাস্তা হতে কষ্টদায়ক বস্তু সরিয়ে ফেলাও সদকা সমতুল্য। যদি তিনশত ষাটটি বরাবর সদকা করার কোনোটিরই সুযোগ না পাও, তবে ইশরাকের দু'রাকাত নামাযই তোমার জন্য যথেষ্ট।[৩৫]

---

৩৩. সূরা আল ইসরা-আয়াত : ৫৩, আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০৪, আদ্ দুর মা'আর রদ : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৯-৪৫০, হাশিয়া তাহতাবী আলাল মারাকী : পৃষ্ঠা-৩৮৪, নূর মুহাম্মদ কুতুবখানা, করাচি। পৃষ্ঠা-৫৮১, মাকতাবা আনসারিয়া হেরাত, আফগানিস্তান।

৩৪. আদ্ দুর মা'আর রদ : খণ্ড-২, পৃষ্ঠা-৪৫০, আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩০৪, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১১৬

৩৫. মিশকাতুল মাসাবীহ : পৃষ্ঠা-১১৬

❒ ইদ্দত পালনের সময় এতেকাফ করা

ইদ্দত পালনের সময় এতেকাফ করা নিষিদ্ধ। চাই তালাকের ইদ্দত হোক বা স্বামীর ইন্তেকালের ইদ্দত হোক। উভয়ের মধ্যে এতেকাফ করা নিষিদ্ধ।

হযরত জাবের রাযি.-কে জিজ্ঞেস করা হয়েছিল, তালাকপ্রাপ্তা মহিলা কি এতেকাফ করতে পারবে? জবাবে তিনি বললেন– না। আর ওই মহিলাও এতেকাফ করতে পারবে না, যার স্বামীর এন্তেকাল হয়ে গেছে।[৩৬]

❒ ইস্তেসনা বা পৃথক করা বা বাদ দেওয়া

মানতের এতেকাফে মৌখিকভাবে কোনো কাজের জন্য ইস্তেসনা করার অনুমতি রয়েছে।[৩৭]

কিন্তু সুন্নত এতেকাফে মৌখিকভাবে কোনো কাজের জন্য ইস্তেসনা করা দুরস্ত নেই। আর সুন্নত এতেকাফকে মানতের এতেকাফের উপর কিয়াস বা তুলনা করা দুরস্ত নেই। কেননা, সুন্নত এতেকাফ শরীয়ত প্রণেতার পক্ষ থেকে সুন্নত সাব্যস্ত করা হয়েছে। বান্দার পক্ষ থেকে নয়। আর মানতের এতেকাফ বান্দার পক্ষ থেকে ওয়াজিব করার কারণে ওয়াজিব হয়। এ জন্য বান্দার পক্ষ থেকে ওয়াজিব করার সময়, এতেকাফের ধরণ ও ইস্তেসনা বা পৃথককরণ সম্পর্কে তার এখতিয়ার আছে। আর যে এতেকাফ সুন্নত হাদীস দ্বারা প্রমাণিত, তাতে হাদীসের উপরই আমল করা হবে। তাতে কোনো প্রকার ইস্তেসনা হাদীস দ্বারা প্রমাণিত নেই।

সুতরাং সুন্নত এতেকাফ হাদীস ও সুন্নত মুতাবিকই আদায় করতে হবে। তাতে একেবারেই ইস্তেসনা করা যাবে না। নতুবা সুন্নত এতেকাফ নফল এতেকাফে পরিণত হয়ে যাবে।[৩৮]

❒ ইহুদির এতেকাফ

এতেকাফ সহীহ হওয়ার জন্য মুসলমান হওয়া শর্ত। এ জন্য ইহুদির এতেকাফ দুরস্ত নেই।[৩৯]

---

৩৬. মুনানে কুবরা-বায়হাকী : খণ্ড-৪, পৃষ্ঠা-৩২৩

৩৭. আদ্ দুর মা'আর রদ : খণ্ড-২, পৃষ্ঠা-৪৪৮, আহসানুল ফাতাওয়া : খণ্ড-৪, পৃষ্ঠা-৫০৯, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১২, ফাতাওয়া তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-৩১২

৩৮. ফাতাওয়া আলমগিরী : খণ্ড-১, পৃষ্ঠা-২১২-২১৩

৩৯. ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২১১, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১০৮, আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২৯৯

ঈ

❐ ঈদগাহে এতেকাফ করা

ঈদগাহে যেখানে ঈদুল ফিতর ও ঈদুল আযহার নামায আদায় করা হয়, সেখানে এতেকাফ করা দুরস্ত নয়।[৪০]

উ

❐ উম্মুল মুমিনীনগণের এতেকাফের প্রতি আগ্রহ

হযরত আয়েশা সিদ্দিকা রাযি. বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতি রমযানে এতেকাফ করতেন। ফজরের নামাযের পর এতেকাফের জায়গায় চলে যেতেন। একবার হযরত আয়েশা সিদ্দিকা রাযি. এতেকাফ করার জন্য অনুমতি চাইলেন। তিনি অনুমতি পেয়ে গেলেন। তাঁর জন্য মসজিদে একটি তাঁবু বানানো হলো। হযরত হাফসা রাযি. শুনে তিনিও এতেকাফ করার আগ্রহে মসজিদে একটি তাঁবু বানালেন। হযরত যয়নব রাযি. শুনে তিনি এতেকাফ করার আগ্রহে মসজিদে একটি তাঁবু বানালেন।[৪১]

এ

❐ এক দিনের এতেকাফের ফযীলত

একবার হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রাযি. মসজিদে নববীতে এতেকাফে ছিলেন। তাঁর নিকট এক ব্যক্তি এসে সালাম করে চুপচাপ নীরবে বসে গেল। হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রাযি. তাকে বললেন, ভাই! আপনাকে তো চিন্তিত-বিষণ্ণ ও পেরেশান হাল মনে হচ্ছে। কারণ কী বলবেন? জবাবে লোকটি বলল, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চাচার ছেলে, নিশ্চয় আমি পেরেশান হাল, বেদনাক্লিষ্ট ও দুঃখ জর্জরিত! অমুকের প্রাপ্য রয়েছে আমার উপর। এরপর রওযা পাকের দিকে ইশারা করে বলল, এই কবরওয়ালার ইজ্জতের কসম! আমি তার প্রাপ্য আদায়ে একেবারেই

---

৪০. তাহতাবী আলা দুররিল মুখতার : খণ্ড-১, পৃষ্ঠা-৪৭২-৪৭৩, আল বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-৩৬, খণ্ড-৫, পৃষ্ঠা-২৪৮, তাবয়ীনুল হাকায়েক শারহে কানযুদ্দাকায়েক-যায়লায়ী : খণ্ড-১, পৃষ্ঠা-৪১৯

৪১. বুখারী শরীফ : খণ্ড-১, পৃষ্ঠা-২৭৩, মুসলিম শরীফ : খণ্ড-১, পৃষ্ঠা-৩৭১, আবূ দাউদ : খণ্ড-১, পৃষ্ঠা-৩৪১